গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০১২.২০.০৫৩.২১ তারিখ: ০৩/০১/২০২২খ্রি.

বিষয়: ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রণয়ন সংক্রান্ত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | লায়লা জেসমিন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ২৮-১২-২০২১ খ্রি. |
| সময় | : | বেলা ১১:০০ ঘটিকায় |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সবাইকে স্বাগত জানান। তিনি মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রনয়ণের ক্ষেত্রে যৌক্তিকভাবে ব্যয়ের খাত এবং বরাদ্দের পরিমান নির্ধারণে গুরুত্ব আরোপ করেন। এক্ষেত্রে ব্যয় সংকোচন ও অপচয় রোধের বিষয়ে সচেতন থাকতে হবে। অতঃপর সভাপতি বিষয়বস্তু উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

২। **সভাপতির অনুরোধে নৌপরিবহন মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট) জনাব মোঃ গোলাম রাব্বী, পিএএ ধারাবাহিকভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। তিনি বলেন, ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করার বিষয়ে অর্থ বিভাগের জারীকৃত পরিপত্রের নির্দেশনা নিম্নরুপ:**

ক) বাজেট প্রাক্কলন অবশ্যই মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। কোনভাবেই অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না।

খ) মূল বাজেট ঠিক রেখে বিভিন্ন অর্থনৈতিক কোডের বরাদ্দ হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

গ) উন্নয়ন ব্যয়ের কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অবয়িত অর্থ কোন ক্রমেই পরিচালন বাজেটে স্থানান্তর করা যাবে না।

ঘ) পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আওতায় সকল প্রকার নতুন/প্রতিস্থাপক হিসেবে যানবাহন ক্রয় আগামী ৩০ জুন ২০২২ পর্যন্ত ৫০% স্থগিত থাকবে। এ খাতে কোন বরাদ্দ রাখা যাবে না এবংএ খাতে বরাদ্দকৃত অর্থ অন্যকোন খাতে কোনভাবেই স্থানান্তর করা যাবে না।

ঙ) সরকারি ভ্রমন ব্যয় নির্বাহের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের ৫০% বরাদ্দ স্থগিত থাকবে। এ খাতের অব্যয়িত অর্থ অন্য খাতে কোনক্রমেই স্থানান্তর করা যাবে না।

চ) রাজস্ব ও মূলধন প্রাপ্তির সংশোধিত বাজেট প্রণয়নে বিগত ২ বছরের প্রথম ৬ মাসের এবং চলতি অর্থ বছরের প্রথম ৪/৫ মাসের রাজস্ব আদায়ের ধারা বিবেচনা করতে হবে।

৩। পরিচালন ব্যয়ের সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি:

ক) বিগত ২ বছরের প্রথম ৬ মাসের এবং চলতি অর্থ বছরের প্রথম ৪/৫ মাসের প্রকৃত ব্যয়ের ধারা বিবেচনা করতে হবে।

খ) কেবল অফিসারদের বেতন ভাতা এবং প্রতিষ্ঠান কর্মচারিদের বেতনভাতা খাতে ২০২১-২২ অর্থবছরের প্রথম ৩ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করতে হবে।

গ) মূল্য বৃদ্ধি ব্যতীত সরবরাহ ও সেবা খাতের অন্তর্ভুক্ত কোন আইটেম/অর্থনৈতিক কোডের বরাদ্দ বৃদ্ধি করা যাবে না।

ঘ) মূল বাজেটে সংস্থান ছিল না এমন কোন সম্পদ সংগ্রহের জন্য সংশোধিত বাজেটে অর্থ বরাদ্দ করা যাবে না।

ঙ) কোন অর্থ পুনঃউপযোজন করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে পুনঃউপযোজনকৃত অর্থের প্রতিফলন নিশ্চিত করতে হবে।

চ) মন্ত্রণালয়ের অনুকুলে সমাপ্ত উন্নয়ন প্রকল্পের থোক হতে কোন আইটেম/অর্থনৈতিক কোড বরাদ্দ করা হয়ে থাকলে সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট কোডে তার প্রতিফলন নিশ্চিত করতে হবে।

৪। উন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত স্কিমের সংশোধিত প্রাক্কলনের পদ্ধতি:

ক) অননুমোদিত কোন স্কিমের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা যাবে না। সংশ্লিষ্ট স্কিমের সকল ব্যয় অবশ্যই বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। সংশ্লিষ্ট স্কিমের জন্য অনুমোদিত মোট ব্যয়সীমা যাতে অতিক্রান্ত না হয় তার প্রতি লক্ষ্য রাখতে হবে।

৫। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নের পদ্ধতি:

ক) ২০২১-২২ অর্থবছরের সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের বিপরীতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে। সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে পিএ অংশে সম্পূর্ণ ব্যয় করা যাবে এবং সেক্ষেত্রে জিওবি অংশে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে।

খ) ২০২১-২২ অর্থবছরের এডিপি বর্হিভূত যেসব প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত হয়েছে এবং তাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে সেসব প্রকল্প আরএডিপিতে বরাদ্দসহ অন্তুক্ত করতে হবে।

গ) আরএডিপির মূল অংশে বরাদ্দবিহীনভাবে কোন প্রকল্প রাখা যাবে না।

ঘ) ২০২১-২২ অর্থবছরের এডিপিতে যে সকল প্রকল্প সমূহে আন্তঃসমন্বয় করা হয়েছে আরএডিপিতে তার যথাযথ প্রতিফলন নিশ্চিত করতে হবে।

ঙ) এডিপিতে বরাদ্দবিহীনভাবে সংযুক্ত যেসব প্রকল্পের ডিপিপি জানুয়ারী, ২০২২ এর মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা সম্ভব হবে না সেসব প্রকল্প আরএডিপিতে অন্তর্ভুক্ত করা যাবে না।

চ) ধীরগতি সম্পন্ন প্রকল্প হতে বরাদ্দ কর্তন করে দ্রুত বাস্তবায়ন গতি সম্পন্ন গুরুত্বপূর্ণ প্রকল্পে প্রয়োজন অনুযায়ী বরাদ্দ প্রদান করতে হবে।

৬। বাজেট বিষয়ক পরিপত্রের উপরোক্ত নির্দেশনার আলোকে উপসচিব (বাজেট) নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্ত দপ্তর/সংস্থা সমূহের ২০২১-২২ অর্থবছরের মূল বাজেটের পাশাপাশি সংশোধিত বাজেট কাঠামো পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন।

## ২০২১-২২ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন খাতে মূল বাজেট ও সংশোধিত বাজেট প্রাক্কলন নিম্নরূপ:

ক। পরিচালন: (অংকসমূহ হাজার টাকায়)

| ক্র:নং | বিবরণ | মূল বাজেট ২০২১-২২ | সংশোধিত বাজেট ২০২১-২২ | ২০২১-২২ বাজেটের তুলনায় কমবেশি |
|---|---|---|---|---|
| ক | সচিবালয় | ২৭১৭৯৯ | ২৫২২২৪ | -১৯৫৭৫ |
| খ | বিশ্ব নৌদিবস | ১৫০২১ | ১৫০২১ | ০০ |
| গ | আইএমও | ৭০০০ | ৭০০০ | ০০ |
| ঘ | আইওএমওইউ | ২০০০ | ২০০০ | ০০ |
| ঙ | নৌপরিবহন অধিদপ্তর | ২৪২২৯৯ | ১৮৬৯১৬ | -৫৫৩৮৩ |
| চ | ফিল্ড ইউনিট অফিসসমূহ | ৪২৫৯ | ৪২৫৯ | ০ |
| ছ | অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শন কার্যালয় | ৮৩৯৫ | ৮৩৮৬ | -৯ |
| জ | সরকারি সমুদ্র পরিবহন অফিস | ১৮৬৭৫ | ১৮৬৭৫ | ০ |
| ঝ | অভ্যন্তরীণ জাহাজ নিবন্ধন ও জরিপ অফিস | ১৭৩৫৭ | ১৬৩৭১ | -৯৮৬ |
| ঞ | নৌবাণিজ্য দপ্তর | ২১৮৬৮ | ২১৮৬৮ | ০ |
| ট | বাতিঘর পরিচালন | ১৩১০৬ | ১৩১০৬ | ০ |
| ঠ | মেরিন একাডেমী, চট্টগ্রাম | ৩৩৬০০০ | ৩৩৬০০০ | ০ |
| ড | মেরিন একাডেমী, বরিশাল | ১৩৪৪৭৫ | ১৩৪৪৭৫ | ০ |
| ঢ | বাংলাদেশ মেরিন একাডেমী, সিলেট | ১৩৪৪৭৫ | ১৩৪৪৭৫ | ০ |
| ণ | বাংলাদেশ মেরিন একাডেমী, পাবনা | ১৩৪৪৭৫ | ১৩৪৪৭৫ | ০ |
| ত | বাংলাদেশ মেরিন একাডেমী, রংপুর | ১৩৪৪৭৫ | ১৩৪৪৭৫ | ০ |
| থ | ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট | ৩৯৬৯০ | ৩৮৫৯০ | -১১০০ |
| দ | নাবিক প্রবাসী ও শ্রমিক কল্যাণ পরিদপ্তর | ২১৬৩১ | ২১৩৩০ | -৩০১ |
| ধ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ | ৫২২০০০০ | ৬৬৭২৫০০ | +১৪৫২৫০০ |
| ন | পায়রা বন্দর কর্তৃপক্ষ | ৯৮৬৯০০ | ৯৮৬৯০০ | ০ |
| প | জাতীয় নদী রক্ষা কমিশন | ৬৮৯০০ | ৬৮৯০০ | ০ |
| | **মোট পরিচালন** | ৭৮৩,২৮,০০ | ৯২০৭৯৪৬ | +১৩৭৫১৪৬ |

**মোট সমর্পণকৃত -৭৭৩৫৪**

**অতিরিক্ত চাহিদা +১৪৫২৫০০**

খ। উন্নয়ন: (অংকসমূহ হাজার টাকায়)

| বিবরণ | মূল বাজেট ২০২১-২২ | সংশোধিত বাজেট ২০২১-২২ | ২০২১-২২ বাজেটের তুলনায় কমবেশি |
|---|---|---|---|
| নৌপম | | | |
| নৌপরিবহন অধিদপ্তর | ২৫১,৫০,০০ | ১৫৬,৮৪,০০ | -১,৫০,০০ |
| বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ | ৩০৫,৯০,০০ | ২৫১,৪১,০০ | +৪৫,৫১,০০ |
| মোংলা বন্দর কর্তৃপক্ষ | ১০৭০,০০,০০ | ৬৫১,১৪,০০ | +১,১৪,০০ |
| বিআইডব্লিউটিসি | ১৩০,০০,০০ | ৩১৬,৬৫,০০ | +১৮৬,৬৫,০০ |
| এনএমআই | ৩৫,০০,০০ | ৫০,৮৫,০০ | +১৫,৮৫,০০ |
| বিআইডব্লিউটিএ | ১৪০০,১৬,০০ | ১৫৪০,৫৫,০০ | +৩৪০,৫০,০০ |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ৫৭০,০০,০০ | ১৫০০,০০,০০ | +৯৩০,০০,০০ |
| জাতীয় নদী রক্ষা কমিশন | ৮,০০,০০ | ১০,০০,০০ | +২,০০,০০ |
| চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (মাতারবাড়ী ও সড়ক ও জনপথ অংশ) | ১৪৫,০০,০০ | ১১৫,০০,০০ | +৫,০০,০০ |
| বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম | - | ১০,০০ | +১০,০০ |
| থোক | ১৯১,৭৮,০০ | | |
| **মোট উন্নয়ন:** | ৪১০৭,৩৪,০০ | ৪৫৯২,৫৪,০০ | +১৫২৫,২৫,০০ |

চলমান পাতা-৩/৬

৭। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের জন্য নিম্নবর্ণিত সুপারিশসমূহ গৃহীত হয়:

সুপারিশ সমূহ:

(ক) ১৫২০১০১ কোডে সচিবালয়ের অনুকূলে চলতি ২০২১-২২ অর্থবছরে সাধারণ কার্যক্রমে ২৭,১৭,৯৯ (সাতাশ কোটি সতের লক্ষ নিরানব্বই হাজার) টাকা বরাদ্দ রয়েছে। এ অর্থবছরের সংশোধিত বাজেটে ২৫,২২,২৪ (পচিঁশ কোটি বাইশ লক্ষ চব্বিশ হাজার ) টাকা প্রস্তাব করা হয়েছে। সদ্য সৃষ্ট 'মেরিটাইম এ্যাফেয়ার্স উইং' পরিচালনার জন্য প্রস্তাবিত সংশোধিত বাজেট ১,২০,০০ (এক কোটি বিশ লক্ষ) টাকা থোক বরাদ্দ হিসেবে রাখার সুপারিশ করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে অবশিষ্ট ১,৯৫,৭৫ (এক কোটি পঁচানব্বই লক্ষ পঁচাত্তর হাজার) টাকা আন্তঃকোডে সমন্বয় করা হয়েছে।

(খ) ১২০০০২২১২- বিশেষ কার্যক্রম বিশ্ব নৌদিবস এর আওতায় ৩,৫০,০০ ( তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ থেকে ১,৯৯,৭৯ (এক কোটি নিরানব্বই লক্ষ উনআশি হাজার) টাকা আইএমও নির্বাচন বাবদ নৌপরিবহন অধিদপ্তরের অনুকূলে অর্থ বিভাগের সম্মতিক্রমে উপযোজন করা হয়েছে। অবশিষ্ট ১,৫০,২১ (এক কোটি পঞ্চাশ লক্ষ একুশ হাজার) টাকা আন্ত:কোডে সমন্বয়ের সুপারিশ করা হয়েছে।

(গ) ১২৭০০৯০০১ কোডে আন্তর্জাতিক নৌসংস্থা (আইএমও), লন্ডন এর বার্ষিক চাঁদা বাবদ ২০২১-২২ অর্থবছরের বাজেটে ৭০,০০ (সত্তর লক্ষ) টাকা বরাদ্দ ছিল। সংশোধিত বাজেটে ৭০,০০ (সত্তর লক্ষ) টাকা সুপারিশ করা হয়েছে।

(ঘ) ১২৭০২১৪০১ কোডে ইন্ডিয়ান ওসেন মেমোরেন্ডাম অফ আন্ডারষ্টেন্ডিং (আইওএমওইউ) ভারত এর চাঁদা বাবদ ২০২১-২২ অর্থবছরের বাজেটে ২০,০০ (বিশ লক্ষ) টাকা বরাদ্দ ছিল। সংশোধিত বাজেটে ২০,০০ (বিশ লক্ষ) টাকা সুপারিশ করা হয়েছে।

(ঙ) ১৫২০২০১ কোডে নৌপরিবহন অধিদপ্তরের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ২২,২৩,২০ (বাইশ কোটি তেইশ লক্ষ বিশ হাজার) টাকা বরাদ্দ রয়েছে। অর্থ বিভাগের সম্মতিক্রমে নৌপরিবহন মন্ত্রণালয়ের বিশেষ কার্যক্রম বিশ্ব নৌদিবসের বরাদ্দকৃত অর্থ থেকে ১,৯৯,৭৯ (এক কোটি নিরানব্বই লক্ষ উনআশি হাজার) টাকা আইএমও নির্বাচন বাবদ নৌপরিবহন অধিদপ্তরের অনুকূলে উপযোজন করে সর্বমোট (২৪২২৯৯+ ১,৯৯,৭৯)=২৪,২২,৯৯ চব্বিশ কোটি বাইশ লক্ষ নিরানব্বই হাজার) টাকা করা হয়েছে। সংশোধিত বাজেটে ১৮,৬৯,১৬ (আঠার কোটি উনসত্তর লক্ষ ষোল হাজার) টাকা সুপারিশ করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে অবশিষ্ট ৫,৫৩,৮৩ (পাঁচ কোটি তিপ্পান্ন লক্ষ তিরাশি হাজার) টাকা আন্তঃকোডে সমন্বয় করা হয়েছে।

(চ) ১৫২০২০২ কোডে ফিল্ড ইউনিট অফিসমূহের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ৪২,৬৯ (বিয়াল্লিশ লক্ষ উনষাট হাজার) টাকা বরাদ্দ আছে। সংশোধিত বাজেটে ৪২,৬৯ (বিয়াল্লিশ লক্ষ উনষাট হাজার) টাকা সুপারিশ করা হয়েছে।

(ছ) ১৫২০২০৭ কোডে অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শন কার্যালয়সমূহের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ৮৩,৯৫ (তেরাশি লক্ষ পঁচানব্বই হাজার) টাকা বরাদ্দ আছে। সংশোধিত বাজেটে ৮৩,৯৫ (তেরাশি লক্ষ পঁচানব্বই হাজার) টাকা সুপারিশ করা হয়েছে।

(জ) ১৫২০২০৩ কোডে সরকারী সমুদ্র পরিবহন অফিসের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ১,৮৬,৭৫ (এক কোটি ছিয়াশি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা বরাদ্দ আছে। সংশোধিত বাজেটে ১,৮৬,৭৫ (এক কোটি ছিয়াশি লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রস্তাব করা হয়েছে।

(জ) ১৫২০২০৪ কোডে অভ্যন্তরীণ জাহাজ নিবন্ধন ও জরিপ কার্যালয়সমূহের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ১,৭৩,৫৭ (এক কোটি তিয়াত্তর লক্ষ সাতান্ন হাজার) টাকা বরাদ্দ আছে। সংশোধিত বাজেটে ১,৭৩,৫৭ (এক কোটি তিয়াত্তর লক্ষ সাতান্ন হাজার) টাকা প্রস্তাব করা হয়েছে।

(ঞ) ১৫২০২০৫ কোডে নৌবাণিজ্য দপ্তরের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ২,১৮,৬৮ (দুই কোটি আঠার লক্ষ আটষট্টি হাজার) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ২,১৮,৬৮ (দুই কোটি আঠার লক্ষ আটষট্টি হাজার) টাকা প্রস্তাব করা হয়েছে।

চলমান পাতা-৪/৬

(ট) ১৫২০২০৮ কোডে বাতিঘর পরিচালনের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ১,৩১,০৬ (এক কোটি একত্রিশ লক্ষ ছয় হাজার) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ১,৩১,০৬ (এক কোটি একত্রিশ লক্ষ ছয় হাজার) টাকা প্রস্তাব করা হয়েছে।

(ঠ) ১৫২০২০৬৩২৩৩২ কোডে মেরিন একাডেমী, চট্টগ্রাম এর অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ৩৩,৬০,০০ (তেত্রিশ কোটি ষাট লক্ষ) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ৩৩,৬০,০০ (তেত্রিশ কোটি ষাট লক্ষ) টাকা সুপারিশ করা হয়েছে।

(ড) ১৫২০২০৬১৪১৪২৫ কোডে মেরিন একাডেমী, বরিশাল এর অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ১৩,৪৪,৭৫ (তের কোটি চুয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ১৩,৪৪,৭৫ (তের কোটি চুয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা সুপারিশ করা হয়েছে।

(ঢ) ১৫২০২০৬১৪১৪২৬ কোডে মেরিন একাডেমী, পাবনা এর অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ১৩,৪৪,৭৫ (তের কোটি চুয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ১৩,৪৪,৭৫ (তের কোটি চুয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা সুপারিশ করা হয়েছে।

(ণ) ১৫২০২০৬১৪১৪২৭ কোডে মেরিন একাডেমী, সিলেট এর অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ১৩,৪৪,৭৫ (তের কোটি চুয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ১৩,৪৪,৭৫ (তের কোটি চুয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা সুপারিশ করা হয়েছে।

(ত) ১৫২০২০৬১৪১৪২৮কোডে মেরিন একাডেমী, রংপুর এর অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ১৩,৪৪,৭৫ (তের কোটি চুয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ১৩,৪৪,৭৫ (তের কোটি চুয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা সুপারিশ করা হয়েছে।

(থ) ১৫২০২০৬১৩২৩৩১ কোডে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ৩,৯৬,৯০ (তিন কোটি ছিয়ানব্বই লক্ষ নব্বই হাজার) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ৩,৮৫,৯০ (তিন কোটি পঁচাশি লক্ষ নব্বই হাজার) টাকা সুপারিশ করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে অবশিষ্ট ১১,০০ (এগার লক্ষ) টাকা আন্তঃকোডে সমন্বয় করা হয়েছে।

(দ) ১৫২০২০৯ কোডে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ২,১৬,৩১ (দুই কোটি একুশ লক্ষ একত্রিশ হাজার) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ২,১৩,৩০ (দুই কোটি তের লক্ষ ত্রিশ হাজার) টাকা প্রস্তাব করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে অবশিষ্ট ৩.০১ (তিন লক্ষ এক হাজার) টাকা আন্তঃকোডে সমন্বয় করা হয়েছে।

(ধ) ১৩১০১৬৬০০ কোডে বিআইডব্লিউটিএ'র অনুকূলে সাহায্য মঞ্জুরী বাবদ ২০২১-২২ অর্থবছরে ৫২২,০০,০০ (পাঁচশত বাইশ কোটি) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে অতিরিক্ত ১৪৫,২৫,০০ (একশত পয়তাল্লিশ কোটি পচিঁশ লক্ষ) টাকার চাহিদাসহ সর্বমোট ৬৬৭,২৫,০০ (ছয়শত সাতষট্টি কোটি পঁচিশ লক্ষ) টাকা প্রস্তাব করা হয়েছে। চাহিত অতিরিক্ত বরাদ্দের মধ্যে বিভিন্ন আন্ত:খাত সমন্বয়ের মাধ্যমে ৭,৭৩,৫৪ (সাত কোটি তিয়াত্তর লক্ষ চুয়ান্ন হাজার) টাকা সংকুলান হবে। অবশিষ্ট ১৩৭,৫১,৪৬ (একশত সাঁইত্রিশ কোটি একান্ন লক্ষ ছিচল্লিশ হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দের জন্য সুপারিশ করা হয়।

(ন) ১৩১০১৬৮০০ কোডে পায়রা বন্দর কর্তৃপক্ষের অনুকূলে সাহায্য মঞ্জুরী বাবদ ২০২১-২২ অর্থবছরে ৯৮,৬৯,০০ (আটানবই কোটি উনসত্তর লক্ষ) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ৯৮,৬৯,০০ (আটানবই কোটি উনসত্তর লক্ষ) টাকা সুপারিশ করা হয়েছে।

(প) ১৩১০১৭১০০ কোডে জাতীয় নদী রক্ষা কমিশনের অনুকূলে সাহায্য মঞ্জুরী বাবদ ২০২১-২২ অর্থবছরে ৬,৮৯,০০ (ছয় কোটি উননব্বই লক্ষ) টাকা বরাদ্দ আছে। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেটে ৬,৮৯,০০ (ছয় কোটি উননব্বই লক্ষ) টাকা সুপারিশ করা হয়েছে।

৮। ২০২১-২২ অর্থবছরে উন্নয়ন বাজেটে ৪১০৭,৩৪,০০ (চার হাজার একশত সাত কোটি চৌত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ ছিল। প্রকল্প সাহায্য কমে যাওয়ায় উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশোধিত বাজেটে জিওবি বরাদ্দের পরিমাণ ১৫২৫,২৫,০০ (এক হাজার পাঁচশত পঁচিশ কোটি পঁচিশ লক্ষ) টাকা বৃদ্ধি করে সর্বমোট ৪৫৯২,৫৪,০০ (চার হাজার পাঁচশত বিরানব্বই কোটি চুয়ান্ন লক্ষ) টাকা সুপারিশ করা হয়।

৯। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:-
তারিখ:০৩/০১/২০২২খ্রি.
লায়লা জেসমিন
অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং-১৮.০০.০০০০.০১২.২০.০৫৩.২১-

তারিখ: ০৩/০১/২০২২খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (বিতরণ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর নগর চট্টগ্রাম।
২। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৩। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, কাওরান বাজার, ঢাকা।
৫। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, মতিঝিল, ঢাকা।
৬। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, বাংলা মোটর, ফেয়ারলি হাউজ, ঢাকা।
৭। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।
৮। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১০। কমানডেন্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/বরিশাল/সিলেট/পাবনা/রংপুর।
১১। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, ডাকঘরঃ বন্দর, চট্টগ্রাম।
১২। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০।
১৩। উপসচিব, বাজেট -১৭ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। উপপ্রধান (পরিকল্পনা উইং), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। চীফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, নৌপরিবহন মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৬। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩/০১/২০২২
মোঃ গোলাম রাব্বী, পিএএ
উপসচিব (বাজেট)
ফোন:৯৫৪৬২৬১